



ইউএনজিএ সভাপতি নির্বাচিত পররাষ্ট্রমন্ত্রীকে মন্ত্রিসভার অভিনন্দন



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে সভাপতি নির্বাচিত হওয়ায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে আনুষ্ঠানিকভাবে অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ সরকারের মন্ত্রিসভার সদস্যরা। এ অর্জনকে দেশের জন্য গর্বের মুহূর্ত হিসেবে দেখা হচ্ছে।

বৃহস্পতিবার (৪ জুন) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে অনুষ্ঠিত নিয়মিত বৈঠকে এই অভিনন্দন জানানো হয়। বৈঠকে বিষয়টি নিয়ে সন্তোষ প্রকাশ করেন মন্ত্রিসভার সদস্যরা।

এর আগে সন্ধ্যা ৭টায় প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিপরিষদের সভা শুরু হয়। সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক ও কূটনৈতিক বিষয় নিয়ে আলোচনা হয়।

মন্ত্রিসভার পক্ষ থেকে বলা হয়, জাতিসংঘের এই পদে বাংলাদেশের প্রতিনিধিত্ব পাওয়া আন্তর্জাতিক অঙ্গনে দেশের অবস্থান আরও দৃঢ় হওয়ার ইঙ্গিত। এটি কূটনৈতিক সক্ষমতা ও বহুপাক্ষিক সম্পর্কের প্রতি আস্থার প্রতিফলন বলেও উল্লেখ করা হয়।

সভায় মন্ত্রিপরিষদের সদস্য এবং সংশ্লিষ্ট সিনিয়র সচিবরা উপস্থিত ছিলেন।